



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

([www.ebmeb.gov.bd/](http://www.ebmeb.gov.bd/) [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd/))



## একই স্মারক ও তারিখ ঠিক রেখে

স্মারক নং-বামাশিবো/পরী/দাখিল-২০২২/৬৬১

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৯  
২৩ মে, ২০২২

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন আসন্ন দাখিল পরীক্ষা-২০২২ এর কেন্দ্রসচিবগণকে জানানো যাচ্ছে যে, সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে এবং স্বাস্থ্যবিধি মেনে ২০২২ সালের দাখিল পরীক্ষা গ্রহণ সম্পর্কিত মতবিনিময় সভা ও প্রবেশপত্র বিতরণ কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। সম্মানিত কেন্দ্রসচিবগণকে নির্ধারিত সময়সূচি অনুযায়ী মতবিনিময় সভায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, প্রবেশপত্র গ্রহণের জন্য জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর সত্যায়নসহ প্রাধিকারপত্র সংশ্লে আনতে হবে। তাছাড়া অত্র বোর্ডের ওয়েবসাইটে ([www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd)) প্রদর্শিত “**কেন্দ্র সচিবগণের রেজিস্ট্রেশন ফরম**” ডাউনলোড পূর্বক যথাযথভাবে পূরণ করে প্রবেশপত্র গ্রহণের সময় জমা দিতে হবে।

ক্রমিক	অঞ্চলের নাম	সভার তারিখ ও সময়	সভার স্থান
১.	ঢাকা	২৬/০৫/২০২২, বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকা	৪র্থ তলা, পরীক্ষা ভবন, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
২.	কুমিল্লা	২৮/০৫/২০২২, শনিবার সকাল ১০:০০ ঘটিকা	কুমিল্লা শিক্ষা বোর্ড মিলনায়তন, কুমিল্লা
৩.	ময়মনসিংহ	৩১/০৫/২০২২, মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা	উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ মিলনায়তন (HSTTI), ময়মনসিংহ
৪.	বরিশাল	০২/০৬/২০২২, বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকা	সার্কিট হাউজ মিলনায়তন, বরিশাল
৫.	চট্টগ্রাম	০৬/০৬/২০২২, সোমবার সকাল ১০:০০ ঘটিকা	চট্টগ্রাম শিক্ষা বোর্ড মিলনায়তন, চট্টগ্রাম
৬.	রাজশাহী	০৯/০৬/২০২২, বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকা	রাজশাহী কলেজ মিলনায়তন, রাজশাহী
৭.	রংপুর	১১/০৬/২০২২, শনিবার সকাল ১০:০০ ঘটিকা	আহার রেস্টুরেন্ট (সোনালী ব্যাংক কর্পোরেট শাখার উত্তরে), জাহাজ কোম্পানীর মোড়, রংপুর
৮.	খুলনা/যশোর	১৩/০৬/২০২২, সোমবার সকাল ১০:০০ ঘটিকা	যশোর শিক্ষা বোর্ড মিলনায়তন, যশোর
৯.	সিলেট	১৫/০৬/২০২২, বুধবার সকাল ১০:০০ ঘটিকা	জেলা প্রশাসক কার্যালয়ের সভা কক্ষ, সিলেট।

বিশেষ দৃষ্টব্য: অনিবার্য কারণে কর্তৃপক্ষ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

মোঃ কামাল উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল: [controller@bmeb.gov.bd](mailto:controller@bmeb.gov.bd)